

বৈশিষ্ট্য ইন্ডেক্স

তারিখ
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ...

নতুন এমপিওভুক্ত শিক্ষকদের সরকারী অনুদান প্রসঙ্গে

গত ২-৮-২০০১ তারিখে আমরা দু'জন ঢাকার বাউড়া থানাধীন বেবাইদ মুসলিম হাই স্কুলে শিক্ষক হিসেবে যোগদান করি। সেপ্টেম্বর মাসে আমরা এমপিওভুক্তির জন্য ডিইও অফিসে প্রয়োজনীয় কাগজপত্র জমা দেই। শিক্ষা ডবল থেকে আমাদের আস্থাসী সেয়া হয় যে, নভেম্বর মাসে বকেয়া বিলসহ সরকারী অনুদান পাওয়া যাবে। কিন্তু নভেম্বর মাস নয়, আমাদের অপেক্ষার প্রহর শেষ হয় এ বছরের এপ্রিল মাসে। এপ্রিল মাসে ব্যাংকে শুধু এক মাসের (মার্চ মাসের) সরকারী অনুদান আসে। আর অগস্ট থেকে ফেব্রুয়ারী পর্যন্ত সাত মাসের বকেয়া বিল হয়নি। এ সম্পর্কে জানা যায়, শিক্ষা বাজেট টাকা না থাকায় নতুন শিক্ষকদের বকেয়া বিল দেয়া হয়নি এবং এ পরিস্থিতির শিকার আমাদের মতো আরও অনেক শিক্ষক। আমরা জানি, সরকার শিক্ষা বাজেট সর্বোচ্চ বরাদ্দ রাখবে। তাছাড়া আমাদের পদগুলো ছিল শূন্য। জানি না কেন আমরা বকেয়া বিল পেলাম না। এ অবস্থায়, আমরা নতুন এমপিওভুক্ত শিক্ষকরা যাতে বকেয়া বিল অবিলম্বে পেতে পারি সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

রেহানা বেগম,
মোঃ বখতিয়ার কুতুবী,
বেবাইদ মুসলিম হাই স্কুল,
বাউড়া, ঢাকা ১২১২।